



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ১৩/০২/২০২০ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্ট-২০২০” এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

মুজিব জন্মশতবর্ষ উদযাপকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হওয়া “বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্ট-২০২০” এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। অদ্য ১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ দুপুর ১২ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে টুর্নামেন্টে বিজয়ী ও রানার্সআপদের মাঝে পুরস্কার তুলে দেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ও ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক মোঃ তারিকুল হক এর পরিচালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, পরিচালকবৃন্দ, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, শিক্ষকমণ্ডলী, বিভিন্ন বিভাগের শিক্ষার্থীবৃন্দসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা। উল্লেখ্য, গত ৩ ফেব্রুয়ারি শুরু হওয়া “বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্ট-২০২০” এ বিশ্ববিদ্যালয়ের ২৩টি বিভাগ অংশ নেয়। টুর্নামেন্টের ছাত্র ইভেন্টে চ্যাম্পিয়ন হয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রানার্সআপ হয় সিএসই বিভাগ এবং ছাত্রী ইভেন্টে চ্যাম্পিয়ন হয় পদার্থবিজ্ঞান বিভাগ, রানার্সআপ হয় মার্কেটিং বিভাগ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস